

ব্রি'তে খালেকুজ্জামান ও বিজেআরআইতে নার্গিস

২০ আগস্ট ২০২৪, ২১:৪১



ব্রি'তে খালেকুজ্জামান ও বিজেআরআইতে নার্গিস

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন ড. মোহাম্মদ খালেকুজ্জামান। আর বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের (বিজেআরআই) মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন ড. নার্গিস আক্তার। এতদিন খালেকুজ্জামান সংস্থাটির পরিচালকের (গবেষণা) দায়িত্ব পালন করে আসছিলেন। মঙ্গলবার (২০ আগস্ট) তাকে মহাপরিচালক হিসাবে চলতি দায়িত্ব দিয়ে অফিস আদেশ জারি করে কৃষি মন্ত্রণালয়। দীর্ঘ প্রায় সাত বছরের বেশি সময় ধরে ডিজি হিসেবে দায়িত্ব পালন করে আসা ড. শাহজাহান কবির স্বেচ্ছায় অবসরে যাওয়ার প্রেক্ষিতে খালেকুজ্জামানকে তার স্থলাভিষিক্ত করে কৃষি মন্ত্রণালয়।

অন্যদিকে, ড. নার্গিস ওই প্রতিষ্ঠানের পরিচালক (কৃষি) হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ডিজি হিসেবে দায়িত্ব পালন করে আসা ড. আব্দুল আউয়ালকে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে (বিএআরসি) সংযুক্ত করা হয়েছে।